# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০১৪

২১/ জানাজা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৮৬/ কবরের মুস্তাহাব গভীরতা

باب مَا يُسْتَحَبُّ مِنْ إِعْمَاقِ الْقَبْرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُوسُفَ، قَالَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَيُّوبَ، عَنْ حُمَيْدِ بْنِ هِلاَلٍ، عَنْ هِشَامِ بْنِ عَامِرٍ، قَالَ : شَكَوْنَا إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ أُحُدٍ فَقُلْنَا : يَا رَسُولَ اللَّهِ الْحَفْرُ عَلَيْنَا لِكُلِّ إِنْسَانٍ شَدِيدٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم : " احْفِرُوا وَأَعْمِقُوا وَأَحْسِنُوا، وَادْفِنُوا الاِثْنَيْنِ وَالثَّلاَثَةَ فِي قَبْرٍ وَاحِدٍ " . قَالُوا : فَمَنْ نُقَدِّمُ يَا رَسُولَ اللَّهِ قَالَ : " قَدِّمُوا أَكْثَرَهُمْ قُرْآنًا " . قَالَ : فَكَانَ أَبِي ثَالِثَ ثَلاَثَةٍ فِي قَبْرٍ وَاحِدٍ .

বাংলা

২০১৪। মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ... হিশাম ইবনু আমির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা উহুদের দিন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে অভিযোগ করে বললাম ইয়া রাসুলাল্লাহ! আমাদের পক্ষে প্রত্যেক মানুষের জন্য কবর খনন করা কষ্টসাধ্য ব্যাপার। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা কবর খনন কর এবং কবরকে গর্ত কর আর মৃতদের উত্তম রূপে দাফন কর এবং দু'জন, তিন জনকে এক এক কবরে দাফন কর। সাহাবীগণ বললেন, ইয়া রাসুলাল্লাহ! কাকে প্রথমে রাখব? তিনি বললেন, যে কুরআন বেশী জানে তাকে প্রথমে রাখ। রাবী বলেন, এভাবে আমার পিতা একই কবরের তিনজনের অন্যতম ছিলেন।

## English

It was narrated that Hisham bin 'Amir said:
"We complained to the Messenger of Allah on the day of Uhud, saying: 'O Messneger of Allah, it is too difficult for us to dig a grave for each person.' The Messenger of Allah said: 'Dig graves and make them good and deep, and bury two or three in one grave.' They said: 'Who should we put in first, O Messenger of Allah?' He said: 'Put in first the one who knew more Qur'an."'

He said: "My father was the third of three in one grave."

## ফুটনোট

[সহীহ। ইবন মাজাহ ১৫৬০, মিশকাত ১৭০৩, ইরউয়াউল গালীল ৭৪৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হিশাম ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21018

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন